F:\ALL ADMIN\কমিটির প্রতিবেদন\কমিটি গঠন\অফিস আদেশ 12.doc

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলা'র একটি কোম্পানি)
# BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.
(A COMPANY OF PETROBANGLA)

নম্বর: ২৮.১২.০০০০.২১১.২৩.০০১.১৭.১১৭

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮ / ০৭ মার্চ ২০২২

## অফিস আদেশ

"বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ নীতিমালা-২০২২" কোম্পানিতে স্মারক নং-২৮.১২.০০০০.২১১.২৩.০০১.১৭.১১৬; তারিখঃ ০৭ মার্চ ২০২২ দ্বারা প্রবর্তন করা হয়েছে।

বিষয়টি কার্যার্থে এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদ সঙ্গে সংযুক্তিক্রমে অবহিত করা হলো।

৭/০৩/২০২২
(মোহাম্মদ ছানা উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন), চলতি দায়িত্ব

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

**বিতরণ:**
১) মহাব্যবস্থাপক, সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) মহাব্যবস্থাপক, মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৩) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৪) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৫) মহাব্যবস্থাপক, কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৬) মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৭) উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড সেলস ডিপার্টমেন্ট, মার্কেটিং বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**
১) উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) পরিচালক-এর একান্ত সচিব, অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) অফিস কপি/মাস্টার ফাইল।

চৌহাটি, উপজেলাঃ পার্বতীপুর, জেলাঃ দিনাজপুর। ফোনঃ ০৫৩২৭-৫৬৩৮৯, ৫৬২০০, ফ্যাক্স ঃ ০৫৩২৭-৫৬২৯৯
লিয়াজোঁ অফিস ঃ পেট্রোসেন্টার (ফ্লোর-১৪), ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫, ফোন ঃ ০২-৮১৮০১৯০-৯২
ফ্যাক্স ঃ ০২-৮১৮০১৯১, ওয়েবসাইট ঃ www.bcmcl.org.bd, ই-মেইল ঃ bcmclbd@gmail.com

CHOWHATI, UPAZILLA : PARBATIPUR, DIST. DINAJPUR. PHONE: 05327-56389, 56200, FAX : 05327-56299
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215.
Phone : 02-8180190-92, Fax : 02-8180191. Website : www.bcmcl.org.bd., E-mail : bcmclbd@gmail.com

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

*(পেট্রোবাংলার একটি কোম্পানি)*

**"বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ নীতিমালা-২০২২"**


প্রধান কার্যালয়:
চৌহাটি, পার্বতীপুর
দিনাজপুর
ফোন: ০২-৫৮৮৮৭৮৬০১

ঢাকা লিয়াজোঁ অফিস:
পেট্রোসেন্টার (১৫ তলা)
৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫
ফোন: ০২-৮১৮০১৯২

# বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

নম্বর: ২৮.১২.০০০০.২১১.২৩.০০১.১৭.১১৬

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮ / ০৭ মার্চ ২০২২

**"বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ নীতিমালা-২০২২"।**

বড়পুকুরিয়া কয়লা ক্ষেত্র হতে কয়লা উত্তোলন এবং বিক্রয়/ব্যবহারের জন্য ভূ-গর্ভস্থ খনি নির্মাণ কাজ সম্পন্ন করে ২০০৫ সালে বাণিজ্যিক ভিত্তিতে কয়লা উত্তোলন শুরু হয়। বিসিএমসিএল-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি নানাবিধ প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ এর গ্রহণযোগ্য মাত্রা নির্ধারণ এবং উক্ত সিস্টেম লস্/ঘাটতি কিভাবে সমন্বয় হবে তা বাস্তবতার আলোকে ও আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য কারিগরি বিশেষজ্ঞ কমিটির সুপারিশ, বিসিএমসিএল পরিচালনা পর্ষদের অনুমোদন, পেট্রোবাংলার প্রস্তাবনা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নীতিগত অনুমোদনের আলোকে "বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ নীতিমালা-২০২২" বিসিএমসিএল কর্তৃক নিম্নোক্তভাবে প্রণয়ন করা হলো:

**১.০। ভূমিকা:**

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর মাধ্যমে খনি হতে উৎপাদিত কয়লার সিস্টেম লস্ নিরূপণ/নির্ধারণ এবং ঘাটতি/সিস্টেম লস্ চিহ্নিতকরণ ও ন্যূনতম পর্যায়ে রাখার জন্য প্রতিপালনমূলক নির্দেশনা/নীতিমালা ২০২২ প্রণয়ন।

**২.০। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

(১) এ নীতিমালা বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ নীতিমালা-২০২২ নামে অভিহিত হবে।

**৩.০। নীতিমালার উদ্দেশ্য:**

**(ক)** বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণন কালে কয়লার ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি নানাবিধ প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ চিহ্নিতকরণ ও সীমিতকরণ;

**(খ)** কয়লা ঘাটতি/সিস্টেম লসের কারণসমূহ নিয়মিত তদারকিকরণ ও তা দ্রুততম সময়ের মধ্যে গ্রহণযোগ্য মাত্রায় নিষ্পত্তিকরণ;

**(গ)** কয়লার ময়েশ্চার টেস্ট নিয়মিতভাবে সম্পাদন তথা অতিরিক্ত ময়েশ্চার কন্ট্রোলপূর্বক আর্থিকভাবে কোম্পানিকে লাভবান করা।

**৪.০। নীতিমালার পরিধি:**

এ নীতিমালা 'বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)'-এর কয়লা খনি/খনিসমূহ হতে উত্তোলিত কয়লার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৭/০৩/২০২২
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোং লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

০৭/০৩/২০২২
প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

**৫.০। সংজ্ঞাসমূহ:**

বিষয় বা প্রসঙ্গ পরিপন্থী কিছু না থাকলে এই নীতিমালায় ব্যবহৃত শব্দসমূহের অর্থ নিম্নরূপ হবেঃ

(ক) "কয়লা খনি" অর্থ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর আওতায় পরিচালিত খনি/খনিসমূহ;

(খ) "কয়লা (Coal)" অর্থ বিসিএমসিএল এর খনি হতে উত্তোলিত ROM (Run Of Mine)/কয়লা;

(গ) "কোম্পানি" অর্থ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);

(ঘ) "ব্যবস্থাপনা কর্তৃপক্ষ" অর্থ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক;

(ঙ) "পরিচালনা পর্ষদ" অর্থ বিসিএমসিএল-কে পরিচালনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত পরিচালনা পর্ষদ;

(চ) "মন্ত্রণালয়" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়;

(ছ) "সরবরাহকারী" অর্থ বিসিএমসিএল;

(জ) "গ্রহণকারী" অর্থ কয়লা ক্রয়কারী/সরবরাহ গ্রহণকারী প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ/বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র/বিপিডিবি;

(ঝ) "কমিটি" অর্থ কয়লার স্টক পরিমাপের জন্য বিসিএমসিএল বা ক্ষেত্রমতে পেট্রোবাংলা কর্তৃক গঠিত নির্ধারিত কমিটি;

(ঞ) "ব্যবস্থাপনাজনিত ক্ষতি (System Loss)" অর্থ ব্যবস্থাজনিত উৎপাদন, পরিবহন, মজুদ এবং বিপণন, সরবরাহকালে পরিমাপে যে পার্থক্য পাওয়া যায় তা ব্যবস্থাজনিত ঘাটতি/System Loss। উৎপাদন ও বিপণনের ওজনের পার্থক্যকে শতকরা হারে প্রকাশে লসের Percentage হিসাবে গণনা করা হয়;

ট) "ডেলিভারী অর্ডার/ডিও" অর্থ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/মনোনীত এবং দপ্তর প্রধান কর্তৃক ইস্যুকৃত কয়লার সরবরাহ আদেশ/ডেলিভারী অর্ডার/ডিও;

(ঠ) "Dumping yard" অর্থ বিসিএমসিএল-এর বিদ্যমান stack yard;

(ড) "Spontaneous combustion/burning" অর্থ stack yard-এ স্বাভাবিক উচ্চতা বা স্বাভাবিকের চেয়ে অধিকতর উচ্চতায় দীর্ঘ সময় উন্মুক্ত স্থানে মজুদের কারণে কয়লার স্বতঃস্ফূর্ত প্রজ্জ্বলন;

(ঢ) "Moisture" অর্থ বিসিএমসিএল-এর ভূগর্ভস্থ কয়লায় মিশ্রিত/বিদ্যমান অন্তঃস্থ এবং বহিঃস্থ পানির মোট পরিমাণ;

(ণ) "Inherent Moisture" অর্থ বিসিএমসিএল-এর ভূগর্ভ হতে উৎপাদিত কয়লায় বিদ্যমান অন্তঃস্থ ময়েশ্চার;

(ত) "Carpet Loss/Residual Loss" অর্থ দীর্ঘদিন স্তূপীকৃত আকারে কয়লার মজুদ থাকায় compaction-এর কারণে সংঘঠিত লস্;

(থ) "Wind blow out/Sand storm Loss" অর্থ কয়লায় অতি ক্ষুদ্র কণার উপস্থিতির কারণে বায়ুর প্রবল প্রবাহের ফলে (wind blow out/sand storm) কোল ইয়ার্ড হতে কয়লার ডাস্ট উড়ে যাওয়ার কারণে সংঘটিত লস্;

(দ) "Washout by rain water Loss" অর্থ প্রবল বৃষ্টিপাতের সময় অতি ক্ষুদ্রাকৃতির কয়লার কণাগুলি বৃষ্টির পানিতে ধুয়ে যাওয়ার ফলে কয়লার পরিমাণ হ্রাস পেয়ে সংঘঠিত লস্।

০৭/০৬/২০২২
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

০৭/০৬/২০২২
প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

**৬.০। কয়লার সিস্টেম লস্/ঘাটতি ন্যূনতম পর্যায়ে রাখার জন্য অনুসরণীয়/প্রতিপালনমূলক নিয়মাবলী:**

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ এর গ্রহণযোগ্য মাত্রা নির্ধারণ এবং উক্ত সিস্টেম লস্/ঘাটতি বাস্তবতার আলোকে ও আন্তর্জাতিক মানদন্ড অনুসরণপূর্বক বাস্তবতার নিরিখে প্রযোজ্য মোতাবেক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে ন্যূনতম পর্যায়ে রাখার জন্য নিম্নোক্ত অনুসরণীয়/প্রতিপালনমূলক নিয়মাবলী:

(ক) একাধিক স্টক পাইলে কয়লা মজুদকরণের পাশাপাশি স্টক পাইলের উচ্চতা গ্রহণযোগ্য মাত্রায় বজায় রাখতে হবে;

(খ) Spontaneous Combustion হ্রাসের জন্য নির্দিষ্ট সময়ান্তে মজুদকৃত কয়লা সরিয়ে নেয়ার ব্যবস্থা করতে হবে, কোল স্টক পাইল Compact করা, প্রয়োজনে Wind screen ব্যবহার এবং fly ash-water slurry সংশ্লিষ্ট জায়গায় স্প্রে করতে হবে;

(গ) কয়লার ফাইন পার্টিকেলসমূহের ওয়াশআউট সীমিতকরণ/হ্রাসকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ঘ) কয়লা উৎপাদন থেকে সরবরাহ পর্যন্ত সকল পর্যায়ের তথ্যাদি যথাযথভাবে লিপিবদ্ধ/রেজিস্টারভুক্তির ব্যবস্থা গ্রহণ করাসহ বিসিএমসিএল, স্থানীয় প্রশাসন এবং পেট্রোবাংলার প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে ষান্মাসিক/বাৎসরিক বা অন্য কোন সময় ভিত্তিতে কয়লার উৎপাদন, বিক্রয় ও মজুদের ইনভেন্টরি নিশ্চিত করতে হবে; প্রয়োজনে পরিমাপের বিষয়ে আন্তর্জাতিক মানের তৃতীয় পক্ষের সেবা গ্রহণ করতে হবে;

(ঙ) Total Moisture ও Inherent Moisture নির্ণয়ের জন্য প্রয়োজন অনুযায়ী নমুনা সংগ্রহপূর্বক moisture-এর পরিমাণ নির্ণয় করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে আধুনিক মানের ময়েশ্চার এনালাইজার স্থাপন এবং বিসিএমসিএল-এর খনি এলাকায় বিদ্যমান ল্যাবরেটরীতে স্বীকৃত ডিগ্রীধারী কেমিস্ট/ভূ-তত্ত্ববিদ/প্রকৌশলী/ভৌত বিজ্ঞান বিষয়ক স্নাতক ডিগ্রীধারী প্রফেশনাল কর্মীর মাধ্যমে moisture নির্ণয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(চ) বড়পুকুরিয়া কয়লা খনিতে কয়লা মজুদের পরিমাণ বিবেচনা করে প্রয়োজনে আধুনিক মানের স্টক ইয়ার্ড নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ছ) কয়লা পরিমাপক যন্ত্র/ট্রাক ওয়েইং স্কেলমূহের ক্যালিব্রেশন যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করতে হবে। তবে এ ক্ষেত্রে কোন গাণিতিক সমন্বয়ের প্রয়োজন হবে না। পক্ষান্তরে, বেল্ট কনভেয়র ওয়েইং স্কেল/যন্ত্রসমূহের ক্যালিব্রেশন নির্দিষ্ট সময় অন্তর যোগ্যতা সম্পন্ন দেশী/বিদেশী প্রতিষ্ঠানের মাধ্যমে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে ক্যালিব্রেশনপূর্ব ত্রুটিসমূহ উৎপাদন/বিক্রয়ের সঙ্গে সমন্বয় করতে হবে;

(জ) ভূ-গর্ভস্থ কয়লার সঙ্গে আগত/মিশ্রিত অপদ্রব্যসমূহ যথাযথভাবে পৃথক করণপূর্বক কয়লার সঙ্গে মিশ্রিত অপদ্রব্যের পরিমাণ হ্রাসকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

**৭.০। পরিমাপ স্কেলের ত্রুটি নিরসন:**

(ক) কয়লা পরিমাপক যন্ত্র/ট্রাক ওয়েইং স্কেলসমূহের ক্যালিব্রেশন নির্দিষ্ট সময় অন্তর যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে সম্পন্ন করতে হবে;

(খ) কেলিব্রেশনে প্রাপ্ত ডাটা/ত্রুটির ভিত্তিতে মাসিক উৎপাদন/সরবরাহকৃত কয়লা সমন্বয় করতে হবে;

(গ) বিসিএমসিএল-এর বিদ্যমান ট্রাক ওয়েইং স্কেল-এর ত্রুটি নির্ধারিত সীমায় রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ঘ) উৎপাদন স্কেল এবং পিডিবি স্কেল-এ ঘাটতির পরিমাণ বিগত ১ (এক) বছরের ক্যালিব্রেশন হতে প্রাপ্ত গড় মানের (weighted) ভিত্তিতে নির্ধারণ নিশ্চিত করতে হবে।

০৭/০৩/২০২২

মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

০৭/০৩/২০২২

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

**৮.০। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর খনি/খনিসমূহের মাধ্যমে উৎপাদিত কয়লার সিস্টেম লস্/ঘাটতি নিরুপণ/নির্ধারণ:**

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর কয়লা খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ এর গ্রহণযোগ্য মাত্রা নির্ধারণ এবং উক্ত সিস্টেম লস্/ঘাটতি বাস্তবতার নিরিখে প্রযোজ্য মোতাবেক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে ও আন্তর্জাতিক মানদন্ড অনুসরণর্পূবক সমন্বয়ের লক্ষ্যে বিসিএমসিএল-এর মাধ্যমে উৎপাদিত কয়লার সিস্টেম লস্ নিম্নোক্তভাবে প্রবর্তন/সমন্বয় করা যাবে:

১) বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর আওতাধীন ভূগর্ভ হতে উৎপাদিত কয়লার সিস্টেম লস্ হিসাবকরণে নিম্নোক্ত বিষয়সমূহ গ্রহণযোগ্য/বিবেচ্য হবে:

(ক) উৎপাদন স্কেল এবং পিডিবি স্কেলসমূহে ঘাটতির পরিমাণ বিগত এক বছরের ক্যালিব্রেশন হতে প্রাপ্ত গড় মানের (weighted) ভিত্তিতে নির্ধারণ হবে;

(খ) কোল ইয়ার্ডের ষান্মাসিক স্টক পরিমাপের ক্ষেত্রে সিস্টেম লসের সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা হবে ২%;

(গ) কয়লা দীর্ঘ সময়ের জন্য ইয়ার্ডে ৫ মিটারের অধিক উচ্চতায় সংরক্ষণের ক্ষেত্রে শুধুমাত্র ঐ সকল দিনে (সময়ের জন্য) কয়লার মজুদের পরিমাণের ভিত্তিতে সর্বোচ্চ ২%;

(ঘ) ট্রাক ওয়েইং স্কেলে ঘাটতি/সিস্টেম লসের পরিমাণ অগ্রাহ্য হবে;

(ঙ) অন্যান্য অপরিমেয় কয়লার ঘাটতির (ওয়াটার সিপেজ লস্, বৃষ্টিতে ওয়াস আউট, ডাস্ট, এয়ার ও কার্পেট লস্, Spontaneous Combustion লস্ ইত্যাদি) জন্য সামগ্রিকভাবে ০.৫% লস্ গ্রহণযোগ্য হবে।

২) বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর কয়লা খনি হতে উৎপাদিত কয়লার উৎপাদন ও সংরক্ষণ পর্যায়ে সর্বমোট সিস্টেম লস্ বাৎসরিক/ষান্মাসিক ইনভেন্টরির ভিত্তিতে কয়লার স্টক পরিমাপ ও অন্যান্য সামগ্রিক ঘাটতির বিবেচনায় সিস্টেম লসের গ্রহণযোগ্য মাত্রা সর্বোচ্চ ২.৫% হারে গণ্য হবে।

**৯.০। সিস্টেম লস্/ঘাটতি নির্ধারণে কমিটির করণীয় (TOR):**

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কয়লার ইনভেন্টরি পরিমাপক কমিটি বিসিএমসিএল-এর কয়লা খনি/খনিসমূহ হতে কয়লা উৎপাদন, উত্তোলিত কয়লা পরিবহন, মজুদ, সংরক্ষণ, গ্রাহক/ব্যবহারকারী প্রান্তে সরবরাহ/বিপণনকালে ওজন স্কেলের গ্রহণযোগ্য কারিগরি চ্যুতি ইত্যাদি নানাবিধ প্রক্রিয়াজনিত কারণে কয়লা ঘাটতি/সিস্টেম লস্ এর গ্রহণযোগ্য মাত্রা নিম্নরূপভাবে নির্ধারণ করবে:

(১) কমিটি প্রতি বছরের ১ জানুয়ারী ও ১ জুলাই কোল ইয়ার্ডে জমাকৃত বিসিএমসিএল-এর কয়লা আয়তন ভিত্তিক পরিমাপপূর্বক মোট প্রকৃত কয়লার পরিমাণ নিরূপণ করবে;

(২) কমিটি কয়লার বার্ষিক মজুদের ভিত্তিতে প্রতি বছর ১ জুলাই একটি ইনভেন্টরি প্রতিবেদন প্রস্তুত করে কর্তৃপক্ষ বরাবর দাখিল করবে।

০৭.০৩.২০২২
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

০৭/০৩/২০২২
প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

**১০.০। সিস্টেম লস্/ঘাটতি নির্ধারণ পরবর্তী সমন্বয়ের লক্ষ্যে করণীয়:**

(ক) কোম্পানির কয়লার বার্ষিক মজুদের ভিত্তিতে প্রতি বছর ১ জুলাই কয়লার ইনভেন্টরি পরিমাপক কমিটি কর্তৃক দাখিলকৃত ইনভেন্টরি প্রতিবেদনের ভিত্তিতে প্রাপ্ত অনুমোদিত সিস্টেম লস্/ঘাটতি (সিস্টেম লসের সর্বোচ্চ সীমা ২.৫% এর মধ্যে) বিবেচনায় বিসিএমসিএল-এর পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন গ্রহণ সাপেক্ষে উক্ত বছর/সময়ের জন্য প্রযোজ্য হবে।

(খ) বাস্তবতার নিরিখে প্রযোজ্য মোতাবেক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বর্ণিত নিয়মাবলী অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগ/বিভাগসমূহ কর্তৃক কার্যাদি সম্পন্নকরণপূর্বক ষান্মাসিক/বাৎসরিক প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।

(গ) এ নীতিমালা অনুসরণের ক্ষেত্রে কোন অস্পষ্টতা বা ব্যাখ্যার প্রয়োজন দেখা দিলে বিসিএমসিএল পর্ষদের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা প্রবর্তন করা হলো।

০৭/০৩/২০২২
(মোহাম্মদ ছানা উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন), চলতি দায়িত্ব
বিসিএমসিএল
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ লিঃ
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

০৭/০৩/২০২২
(প্রকৌ. মোঃ কামরুজ্জামান খান)
ব্যবস্থাপনা পরিচালক
বিসিএমসিএল
প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর